Times Today BD

সংগীত কুমার | ক্যাম্পাস | 05 May, 2025

গাজীপুরে চান্দনা চৌরাস্তায় জুলাই অভ্যুত্থানের অগ্রনায়ক ও জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) দক্ষীণাঞ্চলের মুখ্য সংগঠক হাসনাত আবদুল্লাহর ওপর সন্ত্রাসী হামলার প্রতিবাদে ইসলামী বিশ্ববিদ্যালয়ে (ইবি) বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়েছে।রবিবার (৩ মে) রাত ১০টায় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ইবি শাখার ব্যানারে এ কর্মসূচি পালন করা হয়।

এসময় মিছিলটি জিয়া মোড় এলাকা থেকে বের হয়ে ক্যাম্পাসের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে ডায়না চত্বরে শেষ হয়।এতে উপস্থিত ছিলেন সংগঠনটির ইবি শাখার সমন্বয়ক এস এম সুইট, সহ-সমন্বয়ক নাহিদ হাসান, গোলাম রাব্বানী, সাজ্জাতুল্লাহ শেখ, নাহিদ জোয়ার্দারসহ প্রায় অর্ধশতাধিক শিক্ষার্থী।

বিক্ষোভে শিক্ষার্থীরা “ওয়ান টু থ্রি ফোর, ছাত্রলীগ নো মোর”; “রক্তের বন্যায়, ভেসে যাবে অন্যায়”; “আবু সাঈদ মুগ্ধ, শেষ হয়নি যুদ্ধ” ইত্যাদি স্লোগান দেন।

সহ-সমন্বয়ক নাহিদ হাসান বলেন, “আমরা এর আগেও খেয়াল করেছি, জুলাই আন্দোলনের অন্যতম নেতৃত্বে থাকা সারজিস আলমের ওপরে কয়েক দফায় হামলা করা হয়।এভাবে ব্যক্তি টু ব্যক্তি টার্গেট করে হামলা চালানো হচ্ছে।আমরা এই হামলার প্রতিবাদ অবশ্যই করব।কিন্তু আমাদের একটাই দাবি, এই জুলাই আন্দোলনে স্বৈরাচার হাসিনার নেতৃত্বে যে আওয়ামী লীগ হাজার হাজার ভাইদের আহত ও শহীদ করেছে, সেই আওয়ামী লীগকে বাংলাদেশ থেকে অবশ্যই নিষিদ্ধ করতে হবে।”

সমন্বয়ক এস এম সুইট বলেন, “এই আওয়ামী লীগ ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধকে বিজনেস হিসেবে ব্যবহার করেছে এবং পুরো বাংলাদেশের জনতার সাথে নাটক তৈরি করেছে।একটি বা কোনো গোষ্ঠী এখন আওয়ামী লীগকে নিষিদ্ধের কথা উঠলেই তাদের হিংসা হয়। তারা আওয়ামী লীগের নিষিদ্ধ চায় না।কারণ, যদি আওয়ামী লীগকে নিষিদ্ধ ও গণহত্যার বিচারে জোর দাবি করে, তাহলে তারা হয়তো ভোটে হেরে যেতে পারে।কিন্তু আমরা তা করে দিতে পারি না।আর পতীত স্বৈরাচারের গণহত্যার বিচার না হওয়া পর্যন্ত বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন সবসময় তাদের সর্বোচ্চটুকু দিবে।”

গাজীপুর জাতীয় নাগরিক পার্টি জুলাই অভ্যুত্থান ইসলামী বিশ্ববিদ্যালয়

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 01:46

URL: https://www.timestodaybd.com/campus/7758071923